তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ০৪/২০১৫

অভিযোগকারী ঃ জনাব দেলাওয়ার বিন সিরাজ
পিতা-মৃত হাজী সিরাজ উদ্দিন
৩৯/১ বঙ্গবন্ধু এভিনিউ
৪র্থ তলা, রুম নং-২০৬
ঢাকা-১০০০।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ আব্দুর রহিম
উপ মহাব্যবস্থাপক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
অগ্রণী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ৩৭ দিলকুশা, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ১৭-০২-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ১৪-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব বেনজীর কামাল, উপমহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), অগ্রণী ব্যাংক লিঃ, বিএসইউসিডি, সানমুন স্টার টাওয়ার (১৩ তলা), ৩৭ দিলকুশা, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) অগ্রণী ব্যাংক লিঃ এর সিএসআর কার্যক্রমের আওতায় অয়েল পাম্প, কমলা, বাউকুল, স্ট্রবেরী চারা বিনামূল্যে বিতরনের জন্য স্মারক নং-১০১/১৩ তারিখ-২৪-০১-২০১৩ প্রস্তাবিত টাকা ৩,১৩,৬৩,০০০/- যাহা ২৪-০১-২০১৩ তারিখে পরিচালক পরিষদের ৩০৯ তম সভায় সিদ্ধান্তের সত্যায়িত অনুলিপি।

খ) অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের জন্য সাতমসজিদ রোড ঢাকায় মোট কয়টি ফ্লোরে কত স্কয়ার ফিট ভবন/জমি ক্রয় করা হয়েছে উহার উল্লেখসহ প্রতি স্কয়ার ফিটের মূল্য, ডেকোরেশন আসবাবপত্র, বৈদ্যুতিক এসি, ফ্রিজ, লাইটিং ইত্যাদি বাবদ ব্যয়কৃত টাকার লিখিত বিবরণী।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৬-১০-২০১৪ তারিখে সৈয়দ মোঃ আব্দুল হামিদ, ব্যবস্থাপনা পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), অগ্রণী ব্যাংক লিঃ, বিএসইউসিডি, সানমুন স্টার টাওয়ার (১৩ তলা), ৩৭ দিলকুশা, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৩-১১-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
অভিযোগটি ১৪-১২-২০১৪ তারিখের কমিশন সভায় উপস্থাপন করা হলে বিষয়টি তদন্ত সাপেক্ষে পরবর্তি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ প্রেক্ষিতে পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন ও উপ-পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন-কে বিষয়টি তদন্ত/অনুসন্ধান পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য কমিশন কর্তৃক নির্দেশনা দেয়া হয়। তদন্ত শেষে তদন্ত কর্মকর্তাগণ ১২-০১-২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন কমিশনে দাখিল করেন। তদন্ত কর্মকর্তাগণ দাখিলকৃত প্রতিবেদনে "১ম পক্ষের অভিযোগের প্রাথমিক সত্যতা রয়েছে মর্মে প্রতীতি জন্মে" বলে উল্লেখ করেছেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ আব্দুর রহিম, উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ৩৭ দিলকুশা, ঢাকা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর পক্ষে বিজ্ঞ আইনজীবী খান মোঃ মাহবুবুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। অভিযোগ দায়েরের পর যাচিত তথ্যের মধ্যে ক অনুচ্ছেদের তথ্য কৌশলগত ও বাণিজ্যিক কারণে ব্যাংকের গোপনীয়তা রক্ষার্থে তথ্য দেয়া যাবেনা মর্মে উল্লেখ করেছেন এবং খ অনুচ্ছেদের কিছু তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সরবরাহ করেছেন।

০৬। উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ৩৭ দিলকুশা, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তাদের দপ্তরে অভিযোগকারীর প্রার্থীত তথ্য না থাকায় সংশ্লিষ্ট দপ্তরে তথ্য সরবরাহের জন্য বলা হয়। সংশ্লিষ্ট দপ্তর (এস্টাব্লিসমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন) হতে খ অনুচ্ছেদের তথ্য সরবরাহ করে। খ অনুচ্ছেদের তথ্য এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭(ণ) ধারা মতে কৌশলগত ও বাণিজ্যিক কারণে ব্যাংকের গোপনীয়তা রক্ষার্থে ক অনুচ্ছেদের তথ্য প্রদান করা সম্ভব নয় মর্মে অভিযোগকারীকে জানানো হয়।

০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী উল্লেখ করেন যে, সিএসআর সংক্রান্ত তথ্য পূর্বে সরবরাহ করা হয়েছে। বর্তমানে তথ্য প্রাপ্তির আবেদনে উল্লিখিত ক অনুচ্ছেদের তথ্যের ক্ষেত্রে যেহেতু স্মারকমূলে কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হয় সেহেতু কর্তৃপক্ষের সিদ্ধান্ত প্রদানের পূর্বে স্মারকপত্র গোপনীয় বিধায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭(ণ) ধারা মতে কৌশলগত ও বাণিজ্যিক কারণে ব্যাংকের গোপনীয়তা রক্ষার্থে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি।

০৮। অভিযোগকারীর প্রার্থীত তথ্য ৭(ণ) ধারা অনুযায়ী কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য নয় বিধায় এক্ষেত্রে প্রযোজ্য হবে না। ফলে আবেদনকৃত তথ্য প্রদানযোগ্য এবং সংশ্লিষ্ট দপ্তর হতে তথ্য সংগ্রহপূর্বক অভিযোগকারীকে সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে বলা হলে তিনি তাতে সম্মতি জ্ঞাপন করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি ও সংশ্লিষ্ট আইনকানুন পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭(ণ) ধারা মতে কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য নয় বিধায় কৌশলগত ও বাণিজ্যিক কারণে ব্যাংকের গোপনীয়তা রক্ষার নিমিত্ত দায়ত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উত্থাপিত অজুহাত গ্রহণযোগ্য নয়। অধিকন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে কমিশনের নির্দেশনা মোতাবেক তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১০-০৩-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ৩৭ দিলকুশা, ঢাকা-কে নির্দেশনা দেয়া হলো।
২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(মোহাম্মদ ফারুক)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]